

মালয়েশিয়ায় বিদেশিদের নথি যাচাই, শীর্ষে বাংলাদেশি

- A Monitor Desk Report

Date: 02 April, 2026



ঢাকাঃ মালয়েশিয়ার অভিবাসন বিভাগ গত ২০ থেকে ২৯ মার্চ পর্যন্ত দেশজুড়ে ১৪৭টি অভিযান পরিচালনা করে, যেখানে ৭,১৫৪ জন বিদেশি নাগরিককে জিজ্ঞাসাবাদ ও তাদের নথিপত্র যাচাই করা হয়। এর মধ্যে সবচেয়ে বেশি ৩,৩৫৪ জন বাংলাদেশি নাগরিকের নথিপত্র পর্যালোচনা করা হয়।

‘অপারেশন পান্ডাউ’-এর আওতায় পরিচালিত এই অভিযানে অংশ নেন ২২২ জন এনফোর্সমেন্ট অফিসার। অভিবাসন বিভাগ তাদের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এই তথ্য জানিয়েছে।

বিভাগটি জানায়, মূলত বিদেশিদের আইনি মর্যাদা পর্যবেক্ষণ, বৈধ ভ্রমণ নথি যাচাই এবং অভিবাসন আইন যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা, তা নিশ্চিত করতেই এই বিশেষ অভিযান পরিচালনা করে।

কর্তৃপক্ষ আরও জানায়, গোয়েন্দা তথ্য ও ঝুঁকি মূলক বিশ্লেষণের ভিত্তিতে নির্ধারিত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) অনুসরণ করে অত্যন্ত স্বচ্ছতা ও পেশাদারত্বের সঙ্গে এই অভিযানগুলো পরিচালনা করা হয়েছে।

অভিযানে সবচেয়ে বেশি সংখ্যক বাংলাদেশি নাগরিকের নথিপত্র যাচাই করা হয়েছে। এ ছাড়া মিয়ানমারের ৭৮২ জন, ইন্দোনেশিয়ার ৭৭৯ জন, পাকিস্তানের ৫১৪ জন, নেপালের ৪৭৮ জন, ভারতের ৩৪০, থাইল্যান্ডের ১৬৯, ফিলিপাইনের ১৫৭, চীনের ১২১ এবং ব্রুনাইয়ের ১০৫ জন নাগরিক রয়েছেন।

অভিবাসন বিভাগ উল্লেখ করেছে, উৎসবের মৌসুম হওয়ায় স্থানীয় সংস্কৃতি ও জনগণের দুর্ভোগের কথা মাথায় রেখে একটি পরিমিত দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হয়েছিল। বিশেষ করে জনাকীর্ণ এলাকাগুলোতে সাধারণ মানুষের স্বাভাবিক চলাচলে যেন বিঘ্ন না ঘটে, সেদিকে বিশেষ নজর দেওয়া হয়।

অভিবাসন বিভাগ স্পষ্ট করেছে যে, অভিবাসন আইন সমুলত রাখতে এবং জননিরাপত্তা নিশ্চিত করতে তাদের এই কঠোর অবস্থান ও অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

-B